জনকণ্ঠ

তারিখ 29 OCT 2002
পৃষ্ঠা ১৪ কলাম ৩



# অন্য দেশে পড়াশোনা

## নরওয়ে

নরওয়ে একটি স্ক্যান্ডিনেভিয়ান দেশ। দেশটির সবচেয়ে বড় এবং পুরনো বিশ্ববিদ্যালয় হলো ইউনিভার্সিটি অব অস্লো। ক্যাম্পাসের নিয়মিত আয়োজন অন্য দেশে পড়াশোনা নিয়ে আজ থাকছে স্ক্যান্ডিনেভিয়ান দেশ নরওয়ের ওপর বিস্তারিত আলোচনা।

**শিক্ষাবর্ষ :** নরওয়ের বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষাবর্ষ শুরু হয় আগস্টের পর থেকে, শেষ হয় জুনে।

**যেভাবে আবেদন করতে হবে**

নরওয়ের যে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করতে হবে বাংলাদেশে অবস্থিত নরওয়েজিয়ান দূতাবাসের মাধ্যমে ; অথবা বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কিংবা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে। আবেদনের সাথে ভর্তির জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্রের কপি অবশ্যই ইংরেজীতে অনুবাদ করে দিতে হবে।

যার বরাবর আবেদন পাঠাতে হবে : নরওয়ের প্রতিটি বিশ্ববিদ্যালয়েই Overseas Students Afairs Department নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু আছে। ভর্তির জন্য আবেদনপত্র পাঠাতে হবে এই বিভাগের পরিচালক বরাবর।

**ভাষাগত দক্ষতা:** নরওয়ের বিশ্ববিদ্যালয়সমূহে নরওয়েজিয়ান ভাষার মাধ্যমে শিক্ষাদান করা হয়, কোন কোন বিশ্ববিদ্যালয়ে নরওয়েজিয়ান ভাষার পাশাপাশি ইংরেজী ভাষাতেও শিক্ষাদান করা হয়, তবে নরওয়েজিয়ান ভাষায় দক্ষতা থাকলে যে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া বেশ সহজ হয়ে যায়।

**কোন্ কোন্ বিশ্ববিদ্যালয়ে পড়া যায়**

নরওয়ের যে কোন বিশ্ববিদ্যালয়েই ভর্তি হওয়া যায়, তবে বিশ্বখ্যাত বিশ্ববিদ্যালয় হচ্ছে ইউনিভার্সিটি অব বার্গেন, ইউনিভার্সিটি অব ট্রমসো, ইউনিভার্সিটি অব ট্রেডহেম এবং ইউনিভার্সিটি অব টেকনোলজি। তবে বিষয়ভিত্তিক পড়াশোনার জন্য ন্যাশনাল ইনস্টিটিউট অব আর্ট অব বার্গেন, অসলো স্কুল অব আর্কিটেকচার, নরওয়েজিয়ান স্টেট একাডেমী অব মিউজিকই সেরা।

**বিস্তারিত তথ্যের জন্য**

নরওয়ের যে কোন বিশ্ববিদ্যালয় সম্পর্কে আরও বিস্তারিত তথ্য পাওয়ার জন্য নিচের এই সাইটটিতে খোঁজ নিতে পারেন। www. siu. no/vev. nsf/start/english.

*আরিফ হাসান*